

পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

পিএসডি সার্কুলার নং- ০৫/২০২১

তারিখ: ২৯ চৈত্র ১৪২৭  
১২ এপ্রিল ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
সকল তফসিলি ব্যাংক  
সকল মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস প্রোভাইডার

প্রিয় মহোদয়,

**COVID-19 উদ্ভূত পরিস্থিতিতে ATM ও MFS সেবা কার্যক্রম অব্যাহত রাখা প্রসঙ্গে।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মন্ত্রিপরিষদ বিভাগের ১২ এপ্রিল, ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩. ২০.১২০ নং স্মারকে বর্ণিত সিদ্ধান্তের প্রেক্ষিতে জনসাধারণের অতি জরুরী প্রয়োজন ও অত্যাবশ্যকীয় জরুরী পরিষেবা প্রাপ্তির নিমিত্তে দৈনন্দিন নগদ অর্থের সরবরাহ নিশ্চিতকল্পে এটিএম, ইন্টারনেট ব্যাংকিং ও এমএফএস সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহকে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা যাচ্ছে-

১. সরকার ঘোষিত বিধি নিষেধ চলাকালীন সময়ে সাধারণ জনগণের চাহিদা মোতাবেক নগদ অর্থের সরবরাহ নিশ্চিতকরণের জন্য ATM সমূহ সচল ও তাতে পর্যাপ্ত অর্থ সরবরাহের ব্যবস্থা করতে হবে। এক্ষেত্রে ATM এ টাকা উত্তোলনের ক্ষেত্রে সর্বোচ্চ সীমার ন্যূনতম পরিমাণ হবে ০১ (এক) লক্ষ টাকা। এছাড়া, On-Us এবং Of-Us উভয়ক্ষেত্রে টাকা উত্তোলনের একক লেনদেনের ন্যূনতম পরিমাণ একই হবে।
২. অনুমোদিত এলাকায় অন্যান্য নিত্য প্রয়োজনীয় অত্যাবশ্যকীয় পণ্য/সেবার সাথে পরিচালিত মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস সরকার কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান ও নগদ অর্থের সরবরাহ নিশ্চিত করবে।
৩. অনুমোদিত জরুরী সেবাসমূহ প্রাপ্তির জন্য লেনদেনের মাধ্যম হিসাবে প্রযোজ্য ক্ষেত্রে ইন্টারনেট ব্যাংকিং ব্যবহারের সুযোগ নিশ্চিত করতে হবে।
৪. সকল সেবা প্রদানের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত স্বাস্থ্যবিধি পরিপালন করতে হবে।

এ নির্দেশনা ১৪ এপ্রিল ২০২১ হতে কার্যকর হবে।

(মোঃ মেজবাউল হক)

মহাব্যবস্থাপক

ফোন: ০২-৯৫৩০১৭৪